রেজিঃ/ডাকযোগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কাস্টমস, বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা**
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cbc.gov.bd.

**নথি নং-৫(১৩)২০/কাস-বন্ড/হোম কনজাম্পশন/লাইঃ/২০১৮/পার্ট-০১/২০২৪/ ১০১৬৩** **তারিখ:০৩/১২/২০২৫ খ্রি.**

**বিষয়: জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ২৯/০৩/২০২৫ খ্রিঃ হতে ২৮/০৩/২০২৬ খ্রি: মেয়াদের বর্ধিত আমদানি প্রাপ্যতা প্রদান।**

সূত্র: ১. মেসার্স আব্দুল মোনেম সুগার রিফাইনারী লিঃ এর ১২/১১/২০২৫ খ্রিঃ তারিখের আবেদন;
২. সমনথির পত্র নং-১০০১৩, তারিখ: ৩০/১১/২০২৫ খ্রি.;
৩. জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং- ০৮.০১.০০০০.০৫৬.০৪.০১০.২৪/৪৯৮, তারিখ: ০২/১২/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স আব্দুল মোনেম সুগার রিফাইনারী লিঃ, ঠিকানা: প্রতাপনগর, চর-রমজান, সোনাউল্লা, মেঘনাঘাট, সোনারগাঁও, নারায়ণগঞ্জ (বন্ড লাইসেন্স নং-১১৪৭/কাস-পিবিডব্লিউ/২০১৮, তারিখ-২৯/০৩/২০১৮ খ্রিঃ, ই-বিন নং-০০১১৬৮৯৬-০৩০৪) এর সূত্রোক্ত-০১ নং পত্রের মাধ্যমে ২৯/০৩/২০২৫ খ্রিঃ হতে ২৮/০৩/২০২৬ খ্রি: মেয়াদের বর্ধিত আমদানি প্রাপ্যতা প্রদানের জন্য আবেদন করেন। সূত্রোক্ত-০৩ নং পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড হতে ২৯/০৩/২০২৫ খ্রিঃ হতে ২৮/০৩/২০২৬ খ্রিঃ মেয়াদের বর্ধিত আমদানি প্রাপ্যতার পরিমাণ: ৪৬,২০০.০০ মে. টন শর্ত সাপেক্ষে অনুমোদন করা হয়।

**শর্তসমূহ**

১. ২৯/০৩/২০২৫খ্রিঃ হতে ২৮/০৩/২০২৬খ্রি: মেয়াদের বর্ধিত আমদানি প্রাপ্যতা প্রদান করা হয়েছে: ৪৬,২০০.০০ মে. টন।

২. অনুমোদিত প্রাপ্যতা ব্যবহারের মেয়াদান্তে প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করতে হবে।

৩. প্রতি মাসে প্রতিষ্ঠানটির মজুদ যাচাইয়ের লক্ষ্যে সরেজমিন পরিদর্শনকালীন সময়ে সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তা-কে সহযোগিতা করতে হবে;

৪. প্রতি মাসে চলতি প্রদেয় যথাযথভাবে পরিশোধ করতে হবে এবং একইসাথে বকেয়ার বিপরীতে প্রতি মাসে ন্যূনতম ২৫ (পঁচিশ) কোটি টাকা আপনার/আপনাদের প্রতিষ্ঠানকে পরিশোধ করতে হবে। বকেয়া পরিশোধ পরবর্তীতে নিরূপণকৃত সুদ পরিশোধ করতে হবে।

৫. এছাড়া, হোম কনজাম্পশন বন্ড প্রতিষ্ঠান হিসেবে নিম্নোক্ত বিষয়াবলী প্রতিপালন করার জন্য আপনাকে নির্দেশনা প্রদান করা হলো:

ক. আপনার প্রতিষ্ঠান কর্তৃক IM-7 এ আমদানীকৃত র'সুগার কাস্টমস হাউজ থেকে খালাসের পর যৌক্তিক সময়ের মধ্যে ইন্টু-বন্ড সম্পন্ন করতে হবে।

খ. জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও-২১১/আইন/২০২৪/৬৩/কাস্টমস, তারিখ: ২৯ মে, ২০২৪ খ্রি. বিধি-৩ এর উপবিধি ২(ঘ) অনুসারে আমদানীকৃত পণ্যের ওয়্যারহাউজে সংরক্ষণের মেয়াদ হবে অনধিক ০৬ (ছয়) মাস। অর্থাৎ আপনাকে ০৬ মাসের মধ্যে পণ্যের এক্স-বন্ড কার্যক্রম সম্পন্ন করতে হবে। যদি আপনার আমদানিকৃত পণ্য অনধিক ০৬ (ছয়) মাসের মধ্যে এক্সবন্ড করতে ব্যর্থ হন তবে তা লিখিত আকারে এ দপ্তরকে অবহিত করতে হবে।

গ. এ দপ্তর কর্তৃক জারীকৃত বিচারাদেশ নং- ১৩(ক)/হোম-কনজাম্পশন/বন্ড/২০২৩, তারিখ: ০৫/০৩/২০২৩ খ্রি.; ৬৮/হোম-কনজাম্পশন/বন্ড/২০২৩, তারিখ: ০৬/০৮/২০২৩খ্রি. এবং ২৩/হোম-কনজাম্পশন/বন্ড/২০২৩, তারিখ: ০২/১০/২০২৪ খ্রি.; ৩৫/বন্ড সার্কেল -৪৪/২০২৫ তারিখ ০২/০৭/২০২৫ খ্রি. এর বিপরীতে মোট পাওনা রয়েছে (১০২,৮৭,৭৯,৫১৫.৪৯+ ৪০১,৪৩,৮৮,২৮৮,৯৩+৩৯৬,২৬,৮৭,৪৫০.৮৩+২,০৪,২৪,৭০০.৩৩)=৯০২,৬২,৭৯,৯৫৫.৫৮ টাকা। উক্ত ০৪ টি বিচারাদেশের বিপরীতে পাওনা টাকা এবং এক্সবন্ডকৃত কাস্টমস ডিউটি জমা প্রদানপূর্বক পৃথক পৃথকভাবে তথ্য প্রতি মাসে এ দপ্তরে দাখিল করতে হবে।

ঘ. আপনার প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কৃত র'সুগার আমদানিকৃত দেশ হতে জাহাজীকরণের পূর্বে ক্রয়ের বিপরীতে প্রতিটি সেলস কন্ট্রাক্ট এ দপ্তরে দাখিল করতে হবে।

ঙ. প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কৃত র'সুগার বাংলাদেশের বন্দরে পৌঁছানোর পর যেসকল মাদার ভেসেল/লাইটার জাহাজে আপনার প্রতিষ্ঠানে অনুমোদিত ওয়্যারহাউজে পৌছাবে সেই সকল মাদার ভেসেল/লাইটার জাহাজ এর নাম, ধারণ ক্ষমতা ইত্যাদি উল্লেখপূর্বক এ দপ্তরকে অবহিত করতে হবে।

০৬.১২.২০২৫

**[ ব্যারিস্টার পূরবী সাহা ]**
উপ কমিশনার
কমিশনারের পক্ষে।

**প্রাপক:**
**ব্যবস্থাপনা পরিচালক**
মেসার্স আবদুল মোনেম সুগার রিফাইনারী লিঃ
ঠিকানা: প্রতাপনগর, চর-রমজান, মেঘনাঘাট, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।

**নথি নং-৫(১৩)২০/কাস-বন্ড/হোম কনজাম্পশন/লাইঃ/২০১৮/পার্ট-০১/২০২৪/** ৭০১৬৩(১-৩) (৭-২) **তারিখ:**০৩/১২/২০২৫ **খ্রি.**
**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**
০১. কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।

০২. দ্বিতীয় সচিব, (কাস্টমস রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

০৩. সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (তাঁকে বিষয়টি এ দপ্তরের সিস্টেমে ধারণ করার জন্য বলা হলো)।

**অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে:**

০১. রাজস্ব কর্মকর্তা, সার্কেল-৪৪, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (আপনাকে উপরোক্ত শর্তসমূহ সঠিকভাবে পরিপালনের জন্য বলা হলো )।

০২. সহকারী রাজস্ব কর্মকর্তা, সার্কেল-৪৪, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (আপনাকে উপরোক্ত শর্তসমূহ সঠিকভাবে প্রতিপালন হচ্ছে কিনা তা প্রতিবেদন আকারে প্রতিমাসে দাখিল করার জন্য বলা হলো )।

০৬.১২.২০২৫

**[ ব্যারিস্টার পূরবী সাহা ]**
উপ কমিশনার।